

24.01.2013

**কুকা আন্দোলনের 150 বর্ষ উদযাপনের স্মারক হিসেবে 5 টাকার ধাতু মুদ্রা জারি**

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক শীঘ্রই প্রচলনে আনবে ভারত সরকার দ্বারা জারি করা উপরোক্ত ধাতুমুদ্রা, যার মাত্রা, নকশা এবং গঠন নিম্নে দেওয়া হল:

মূল্যমান	আকৃতি এবং বাইরের ব্যাস	খাঁজের সংখ্যা	ধাতু মিশ্রণ
পাঁচ টাকা	বৃত্তাকার 23 মিলিমিটার	100	নিকেল পিতল তামা- 75% দস্তা- 20% নিকেল- 5%

নকশা		
মূল্যমান	মুখ ভাগ	পৃষ্ঠ ভাগ
পাঁচ টাকা	ধাতুমুদ্রার কেন্দ্রে থাকবে অশোক স্তম্ভের শীর্ষস্থ সিংহ, নীচে খোদিত নীতিবাক্য “সত্যমেব জয়তে”, বাম দিকের পরিধি বরাবর দেবনাগরী হরফে “ভারত” শব্দ এবং ডানদিকের পরিধি বরাবর ইংরাজিতে “INDIA” শব্দ থাকবে। শীর্ষস্থ সিংহের নীচে টাকার প্রতীক (₹) চিহ্ন এবং আন্তর্জাতিক অঙ্কে মূল্যমান “ 5” দেওয়া থাকবে।	ধাতুমুদ্রায় যৌথভাবে সামনের দিকের মধ্যভাগে আছে সগুরু রাম সিংহজির প্রতিকৃতি, তাঁর অনুগামীরা বামদিকে ফাঁসিতে ঝুলন্ত এবং ডানদিকে কামানের মুখে দস্তায়মান এবং বামদিকে বাইরের পরিধিতে দেবনাগরী লিপিতে উৎকীর্ণ “কুকা আন্দোলনের 150 বর্ষ” এবং ডানদিকের উপরের পরিধিতে ইংরাজিতে “150 YEARS OF KUKA MOVEMENT “ বামদিকের ভিতরের পরিধিতে প্রতিকৃতির ওপরে দেবনাগরী লিপিতে উৎকীর্ণ “সগুরু রামসিংহ জি” এবং ডানদিকের ভিতরের পরিধিতে ইংরাজিতে “SATGURU RAM SINGH JI” প্রতিকৃতির নীচে আন্তর্জাতিক অঙ্কে বর্ষ-কাল “1857-2007” প্রদর্শিত হবে।

কয়েনেজ অ্যাক্ট, 2011 অনুযায়ী এই মুদ্রাগুলি বৈধ টেন্ডার। এই মূল্যমানের বর্তমান মুদ্রাগুলিও বৈধ টেন্ডার হিসাবে চালু থাকবে।

অজিত প্রসাদ  
সহকারী মহা প্রবন্ধক

প্রেস বিতরণ: 2012-2013/1252